দৈনিক সংবাদ

তারিখ 9 OCT 1987
পৃষ্ঠা ৭ কলাম ১০



ঢাঃ বিশ্ববিদ্যালয়

# ২৭শে সেপ্টেম্বরের ঘটনা তদন্তে ৫ সদস্যের কমিটি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ আহূত ২৭শে সেপ্টেম্বরের সমাবেশ ও মৌন মিছিলে বিশৃঙ্খলা সৃষ্টির ঘটনা তদন্তের জন্য পাঁচ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শৃংখলা পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। গত ৭ই অক্টোবর অনুষ্ঠিত সভায় মৌন মিছিলে ও সমাবেশে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য দায়ী ব্যক্তিদের সনাক্ত করা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সুপারিশ করবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, ভবিষ্যতে কোন ছাত্র হলের বা বিশ্ববিদ্যালয়ের এখতিয়ার বহির্ভূত কোন ব্যাপারে গ্রেফতার হলে তার জন্য বিশ্ববিদ্যালয় বা হল কর্তৃপক্ষ দায়িত্ব গ্রহণ করবেন না। এ ব্যাপারে স্ব স্ব সংগঠন বা অভিভাবকরা দায়িত্ব গ্রহণ করবে বলে উল্লেখ করা হয়। খবর সংবাদ বিজ্ঞপ্তির।